

সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ৪২১

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৪৮. সঠিকভাবে উযু করা এবং তাতে সীমিতকিছু কিছু করা মাকরুহ।

بَاب مَا جَاءَ فِي الْقَصْدِ فِي الْوُضُوءِ وَكَرَاهَةِ التَّعْدِي فِيهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، حَدَّثَنَا خَارِجَةُ بْنُ مُصْعَبٍ، عَنْ يُونُسَ بْنِ عُبَيْدٍ، عَنْ الْحَسَنِ، عَنْ عُتَيِّ بْنِ ضِمْرَةَ السَّعْدِيِّ، عَنْ أَبِي بْنِ كَعْبٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - " إِنَّ لِلْوُضُوءِ شَيْطَانًا يُقَالُ لَهُ وَلَهَانٌ فَاتَّقُوا وَسْوَاسَ الْمَاءِ " .

বাংলা

১/৪২১। উবাই ইবনু কাব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিশ্চয় উযু (ওজু/অজু/অযু)র জন্য ওয়ালাহান নামের একটি শয়তান আছে। অতএব তোমরা পানি প্রসূত সন্দেহ থেকে দূরে থাকো।

English

It was narrated that Ubayy bin Ka'b said:
"The Messenger of Allah said: 'There is a devil for ablution who is called Walahan, so be on guard against the insinuating thoughts (Waswas) about water.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিভাহ: তিরমিযী ৫৭

তাহকীক আলবানী: অত্যন্ত দুর্বল। তাখরীজ আলবানী: জামি সগীর ১৯৭০ যঈফ জিদ্দান, সহীহা ২১২২ সহীহ, মিশকাত ৪১৯। উক্ত হাদিসের রাবী খারিজাহ বিন মুসআব সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য। ইবনু আদী বলেন, তিনি হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন, তবে ইচ্ছাকৃতভাবে মিথ্যা বলেন না। ইবনু হিব্বান বলেন, তিনি গিয়াস থেকে হাদিস তাদলিস করেছেন এবং অন্যদের থেকে দুর্বলভাবে হাদিস বর্ণনা

করেছেন। আহমাদ বিন হাম্বল বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যাবে না। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সিকাহ নন। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=10336>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন